গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট
বন্দর, চট্টগ্রাম-৪১০০।

নং-১৯০.০০১.০৩১.০০.০০.০০০.২০১৭- তারিখঃ ২৫/০৫/২০১৭ খ্রিঃ

সমুদ্রগামী জাহাজের জন্য প্রশিক্ষণার্থী রেটিং নির্বাচন বিজ্ঞপ্তি।

ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রামের **১৮তম ব্যাচ এবং মাদারীপুর শাখার ৭ম ব্যাচের** বিভিন্ন রেটিং কোর্সে প্রশিক্ষণের জন্যে ভর্তি ইচ্ছুক বাংলাদেশী পুরুষ প্রার্থীদের নিকট হতে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-

ক্র/নং	রেটিং/পদের নাম	বয়স	শিক্ষাগত যোগ্যতা
১।	(ক) ডেক রেটিং প্রশিক্ষণার্থী	**১৬ হতে ২০ বৎসর** (দরখাস্ত গ্রহণের শেষ তারিখে)	এস.এস.সি (বিজ্ঞান), কমপক্ষে জিপিএ ২.৫ অথবা সমমানের।
	(খ) ইঞ্জিন রেটিং প্রশিক্ষণার্থী	**১৬ হতে ২০ বৎসর** (দরখাস্ত গ্রহণের শেষ তারিখে)	এস.এস.সি (বিজ্ঞান), কমপক্ষে জিপিএ ২.৫ অথবা সমমানের।
	(গ) ফিটার-কাম-ওয়েল্ডার রেটিং প্রশিক্ষণার্থী	২০-৩৫বৎসর (দরখাস্ত গ্রহণের শেষ তারিখে)	সরকার অনুমোদিত কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান হতে মেরিন/ মেকানিক্যাল/ পাওয়ার/অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা পাশ। অথবা নূন্যতম এস.এস.সি পাশসহ কোষ্টাল জাহাজ/ফিশিং জাহাজে ফিটার-কাম-ওয়েল্ডার হিসাবে কমপক্ষে ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা। অথবা নূন্যতম এস.এস.সি পাশসহ অনুমোদিত কোন মেরিন ওয়ার্কশপ/ ডকইয়ার্ড/শিপইয়ার্ডে ফিটার-কাম-ওয়েল্ডার হিসাবে কমপক্ষে ৪ (চার) বছরের কাজের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

২। **শারীরিক যোগ্যতা ঃ**

(ক) উচ্চতা ঃ কমপক্ষে ১৫৮ সেঃ মিঃ।
(খ) ওজন ঃ কমপক্ষে ৫০ কেজি সর্বোচ্চ ৮৫ কেজি।
(গ) বক্ষ ঃ কমপক্ষে ৭৬ সেঃ মিঃ (বক্ষ বৃদ্ধি ৫ সেঃ মিঃ হবে)।
(ঘ) চোখের দৃষ্টি ঃ ডেক রেটিং ঃ উভয় চক্ষু ৬/৬ এবং বর্ণান্ধতামুক্ত হতে হবে। অন্যান্য রেটিংএ বর্ণান্ধতামুক্তসহ উভয় চক্ষু ৬/১৮ পর্যন্ত গ্রহণযোগ্য।

৩। **অনলাইন আবেদনপত্র পূরণের নিয়ম ঃ**

(ক) ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউটের ওয়েব সাইটের **www.sonalibank.com.bd/nmi** এ ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট এ ভর্তির আবেদন ফরম পূরণ করতে হবে।

(খ) বিভিন্ন রেটিং/পদে ভর্তিচ্ছুক প্রার্থীগণ ব্যাংকের ওয়েবসাইট ভিজিট পূর্বক প্রদত্ত লিংকে ক্লিক করলে National Maritime Institute, Ancilliary Service স্ক্রীন মনিটরে দৃশ্যমান হবে। উক্ত স্ক্রীনে Register Yourself এ ক্লিক করলে ইউজার একাউন্ট খোলার স্ক্রীন আসবে যাতে প্রাথমিক কিছু তথ্য এন্ট্রি দিতে হবে, যথা- নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, নিজ মোবাইল নম্বর ও অভিভাবকের মোবাইল নম্বর।

(গ) ইউজার একাউন্ট খোলার পর, প্রাথমিক স্ক্রিনে Log in to fill up your form. এ ক্লিক করা হলে কম্পিউটার মনিটরে অনলাইন ভর্তি ফরম প্রদর্শিত হবে। ফরম পূরণের নির্দেশিকা অনলাইন ফরমের সাথে সংযুক্ত থাকবে। নির্দেশনা অনুসরণ করে ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট প্রদত্ত বিজ্ঞপ্তি অনুযায়ী প্রার্থীকে অনলাইনে ভর্তি ফরম পূরণ করতে হবে।

(ঘ) অনলাইনে আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে সাবমিট করা হলে পূরণকৃত আবেদন ফর্মের একটি কপি এবং ফি জমা দেয়ার জন্য সোনালী ব্যাংক লিমিটেড এর একটি নির্দিষ্ট জমা ফরম মনিটরে প্রদর্শিত হবে।

(ঙ) উক্ত আবেদন ফর্ম ও ফি জমা ফরম তাৎক্ষনিকভাবে প্রিন্ট করা যাবে। তাৎক্ষনিক প্রিন্ট করা সম্ভব না হলে সেভ/ডাউন লোড করে জমা ফরম পরবর্তীতেও প্রিন্ট করা যাবে। আবেদন ফরমের কপি প্রার্থী নিজের কাছে সংরক্ষণ করবেন।

(চ) জমা ফরমের মাধ্যমে প্রার্থী সোনালী ব্যাংকের যে কোন শাখায় ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট এর নির্ধারিত আবেদন ফি ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা জমা করবেন।

(ছ) জমা প্রদানের ০১ (এক) কর্মদিবস পর প্রার্থী সোনালী ব্যাংক লিমিটেড এর ওয়েব সাইট www.sonalibank.com.bd/nmi এ Download your admit card এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য প্রদানের পর প্রবেশপত্র ডাউন লোড করতে হবে।

(জ) প্রবেশপত্র তাৎক্ষনিকভাবে প্রিন্ট করা যাবে। তাৎক্ষনিক প্রিন্ট করা সম্ভব না হলে সেভ/ডাউনলোড করে পরবর্তীতেও প্রিন্ট করা যাবে।

(ঝ) পরীক্ষার ফলাফল ও এতদসংক্রান্ত প্রয়োজনীয় অন্যান্য তথ্যাবলী সোনালী ব্যাংক লিমিটেড এর ওয়েব সাইটে প্রদর্শন করা হবে।

৪। **মৌখিক পরীক্ষার সময় নিম্নলিখিত দলিলাদি সংগে আনতে হবে ঃ**

(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ৩টি রঙিন ছবি।

(খ) অনলাইনে আবেদন ফরমের কপি।

(গ) এস.এস.সি বা সমমান পাশের মূল/সাময়িক সনদ অথবা মার্কসীটসহ টেস্টিমোনিয়্যাল এবং অতিরিক্ত যোগ্যতার সনদপত্রের (যদি থাকে) মূল কপি। ডিপ্লোমাধারীদের ডিপ্লোমা পাশের সনদসহ এস.এস.সি'র মূল/সাময়িক সনদ এবং অতিরিক্ত যোগ্যতার সনদপত্রের (যদি থাকে) মূলকপি (প্রদর্শনের জন্য)।

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ বা পৌর কর্তৃপক্ষ বা সিটি কর্পোরেশন কাউন্সিলর হতে নাগরিকত্বের সনদপত্র।

(ঙ) প্রার্থী নাবিক সন্তান হলে তার স্বপক্ষে শিপিং মাষ্টার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(চ) ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ফটোকপি (অফিসে জমা প্রদানের জন্য)।

(ছ) মৌখিক পরীক্ষায় দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না।

৫। **নির্বাচন পদ্ধতি ঃ**

(ক) লিখিত পরীক্ষা ঃ নিম্নলিখিত বিষয়ের উপর সর্বমোট **১৫০ নম্বরের** MCQ পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। (ইংরেজী-৫০ নম্বর, সাধারণ গণিত-৫০ নম্বর এবং সাধারণ জ্ঞান-৫০ নম্বর)।

(খ) মৌখিক পরীক্ষা ঃ লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহন করবে।

(গ) শুধুমাত্র মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে সরকারী নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে সুইমিং টেষ্ট এবং মেডিক্যাল বোর্ড কর্তৃক ডাক্তারী পরীক্ষা গ্রহণ করা হবে।

(ঘ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর চরিত্র, প্রাক-পরিচয় ও অন্যান্য বিষয়ে পুলিশ কর্তৃপক্ষ কর্তৃক এবং এস.এস.সি'র সনদ সংশ্লিষ্ট বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করা হবে।

(ঙ) এসএসসি সনদে রেডর্ককৃত বয়স ছাড়া বয়স সম্পর্কে অন্য কোন সনদ কিংবা হলফ নামা গ্রহণযোগ্য হবে না।

(চ) নির্বাচনের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কোন সুপারিশ/তদবীর প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে।

৬। **প্রশিক্ষণকাল এবং প্রশিক্ষণকালীন ব্যয় ভারঃ**

(ক) ডেক, ইঞ্জিন এবং ফিটার-কাম-ওয়েল্ডার রেটিং প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণকাল প্রায় ৬ মাস।

(খ) (১) প্রশিক্ষণ চলাকালীন সময়ে যাবতীয় কোর্স ফি, থাকা-খাওয়া, রেজিমেন্টাল ট্রেনিং কিটস ও অন্যান্য খরচ প্রার্থীকেই বহন করতে হবে।

(২) পরীক্ষায় অংশগ্রহণ ও প্রশিক্ষণ গ্রহণকালীন সময়ে এবং প্রশিক্ষণ শেষে কোন প্রকার ভ্রমন ভাতা ও বেতন-ভাতা প্রদান করা হবে না।

(৩) প্রশিক্ষণ সমাপ্তির পরে জাহাজে চাকুরী প্রদানের ব্যাপারে অত্র ইন্সটিটিউট কোন প্রকার দায়-দায়িত্ব গ্রহণ করবে না।

(গ) এই নির্বাচন কার্যক্রম সরকার যে কোন সময় স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

দরখাস্ত গ্রহণের শেষ তারিখঃ ২৯ জুন, ২০১৭ খ্রিঃ

সরকার কর্তৃক মনোনীত বিভিন্ন কমিটি কর্তৃক পর্যায়ক্রমে গৃহীত পরীক্ষা সমূহে উত্তীর্ণ প্রার্থীদেরকে নীতিমালা অনুযায়ী মেধার ভিত্তিতে চূড়ান্তভাবে প্রশিক্ষণার্থী হিসাবে নির্বাচন করা হবে। যদি কোন ব্যক্তি এ বিষয়ে কাউকে প্রতারণা করার চেষ্টা করে বা অর্থের বিনিময়ে ভর্তির আশ্বাস দিয়ে থাকে, তাহলে তাকে অবিলম্বে নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। কোন প্রার্থী নির্বাচন প্রক্রিয়ায় কোন অসৎ পন্থা অবলম্বন করলে তার আবেদনপত্র বাতিল সহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৫/৫/১৭

(ক্যাপ্টেন ফয়সাল আজিম)
অধ্যক্ষ।

/Select-18 batch